


সারাদেশ

খাগড়াছড়িতে বজ্রপাতে প্রাণ গেল স্বামী-স্ত্রীর

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

খাগড়াছড়ি সদর উপজেলার নুনছড়ির থলিপাড়া পুনর্বাসন এলাকায় বজ্রপাতে এক দম্পতির মৃত্যু হয়েছে। নিহত ব্যক্তির নাম হলেন উচিমং মারমা (৫৫) ও তার স্ত্রী চাইঞাও মারমা (৪৫)।

শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। গ্রাম কার্বারী কাস্তা ত্রিপুরা নিহত দম্পতির বড় ছেলের বরাতে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত দম্পতির বড় ছেলে আখং মারমা জানান, সন্ধ্যায় মুশলধারে বৃষ্টির সময় তার বাবা ঘরের সামনের উঠানে গোসল করছিলেন এবং মা ঘরের দরজায় দাঁড়িয়ে ছিলেন। এ সময় হঠাৎ বিকট শব্দে বজ্রপাত হলে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়। বজ্রপাতের ফলে তাদের ঘরের সোলার প্যানেলসহ অন্যান্য জিনিসপত্র ক্ষতিগ্রস্ত হয়েছে।

খাগড়াছড়ির গোলাবাড়ি ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান জ্ঞান দত্ত ত্রিপুরা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, দাহক্রিয়া সম্পন্ন করার উদ্দেশ্যে সহায়তার জন্য বিষয়টি উপজেলা প্রশাসন ও স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে (পিআইও) জানানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও সোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরির ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/khagdachhdite-bjrpate-pran-gel-sbami-strir>